দৈনিক ইনকিলাব

তারিখ 12 APR 1997
পৃষ্ঠা ১০ কলাম ৭

# মাদ্রাসা শিক্ষা পরিবর্তন করে শিক্ষা ব্যবস্থা উন্নতির কথা বলা অমূলক

## —ইসলামী সাংস্কৃতিক পরিষদ

ইসলামী সাংস্কৃতিক পরিষদের নেতৃবৃন্দ গতকাল এক বিবৃতিতে বলেছেন, দেশের মাদ্রাসা প্রধানগণের পক্ষ থেকে জমিয়াতুল মোদারেছীন প্রধানমন্ত্রীর বরাবর যে খোলা চিঠি প্রদান করা হয়েছে তা যথার্থ ও বার কোটি তৌহিদী জনতার মনের কথা। বিবৃতিতে তারা বলেন, মাদ্রাসা শিক্ষা একটি স্বয়ংসম্পূর্ণ শিক্ষা ব্যবস্থা। একে পরিবর্তন বা সংকোচন করে শিক্ষা ব্যবস্থার উন্নতির কথা বলা অমূলক ও অযাচিত পদক্ষেপ। নেতৃবৃন্দ খোলা চিঠিকে সমর্থন করে বলেন, যদি মাদ্রাসা ব্যবস্থার উপর কোন কালো হাতের হস্তক্ষেপ আসে তবে তা তৌহিদী জনতাক বরদাশত করবে না। খবর বিজ্ঞপ্তি'র।